Boighar.com

CHAPTER

# 22 Tag Question

Tag question–এ বক্তা এমন একটি বক্তব্য বা Statement প্রদান করেন যার সত্যতা সম্পর্কে তিনি পুরোপুরি নিশ্চিত নন। তাই তিনি সত্যতা যাচাইয়ের জন্য বক্তব্যের শেষে একটি প্রশ্ন জুড়ে দেন যা Tag question হিসেবে পরিচিত। বাক্যের Main clause—টি Tag question থেকে একটি কমার (,) মাধ্যমে আলাদা থাকে এবং সম্পূর্ণ বাক্যের শেষে সর্বদা প্রশ্নবোধক চিহ্ন বসে। যেমন You like mangoes, don't you? আর Positive statement হলে Tag হবে Negative এবং Negative statement হলে Tag হবে Positive।

**22.1 Positive statement-এর Subject হিসেবে I এবং verb হিসেবে am থাকলে, Tag করার ক্ষেত্রে 'aren't' অথবা ain't ব্যবহার করা যায়। যেমন—**

▶ **I am going to fall in love — ?** জগন্নাথ বিশ্ববিদ্যালয় ঘ ইউনিট ২০১০-১১

**Choose the correct tag.**

ⓚ am not! ⓚ ain't I

ⓖ aren't I ⓖ Both খ and গ √

**22.2 Positive statement-টি যদি মূল Verb দিয়ে শুরু হয় অথবা Let + Personal object দিয়ে শুরু হয় তাহলে Tag করার ক্ষেত্রে will you ব্যবহার করা যায়। কিন্তু Let us/Let's দিয়ে শুরু হওয়া বাক্যের ক্ষেত্রে 'Shall we' Tag question হিসেবে ব্যবহৃত হবে। যেমন—**

▶ **Let's go to a picnic—?** চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় 'খ-১' ইউনিট ২০১২-১৩

ⓚ Shall we √ ⓚ Shall we not

ⓖ Shan't we ⓖ Will you

ⓤ Won't we

▶ **Give me one hundred taka, —?**

**Choose the correct tag.**

ⓚ will you √ ⓚ shall we

ⓖ don't you ⓖ do you

**22.3 বাক্যের Main clause-এ ব্যবহৃত Auxiliary verb tag করার ক্ষেত্রে ব্যবহৃত হয়। আর যদি বাক্যে কোনো auxiliary verb না থাকে, তাহলে বাক্যের tense অনুযায়ী do, does বা did ব্যবহার করতে হয়। যেমন—**

www.boighar.com

বইঘর.কম

▶ Kaiser Haq writes in English, —? — সমাজসেবা অধিদপ্তরের প্রবেশন অফিসার ২০১৩

ⓚ don't he? ⓚh doesn't he? √
ⓖ didn't he? ⓖh does he?

▶ 'We have just answered your question, —?' Select the right question taq for the sentence. — চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় E ইউনিট ২০১০-১১

ⓚ have we? ⓚh won't we?
ⓖ haven't we? √ ⓖh aren't?
ⓤ don't we?

22.4 Sentence-এর শুরুতে There is, There are, It is ইত্যাদি থাকলে এবং তা যদি Pseudo-subject-এর কাজ করে, তাহলে tag করার ক্ষেত্রে Subject pronoun হিসেবে There বা It ব্যবহৃত হয়। যেমন—

▶ There has not been a great response to the sale, — ? — রাজশাহী বিশ্ববিদ্যালয় বাণিজ্য শাখা ২০১৩-১৪

ⓚ does there ⓚh hasn't there
ⓖ hasn't it ⓖh has there √

22.5. 'Have' ক্রিয়াটি বাক্যে main verb অথবা auxiliary verb হিসেবে ব্যবহৃত হতে পারে। বাক্যে যদি 'have' main verb হিসেবে ব্যবহৃত হয়, তাহলে American English-এ do, does বা did দিয়ে tag করতে হয় কিন্তু British English-এ have দিয়েই tag করা যায়। উল্লেখ্য যে, British rules-কে প্রাধান্য দেয়া হয়। যেমন—

▶ You have two children, — ?

ⓚ do you ⓚh don't you (US)
ⓖ have you ⓖh haven't you (UK) √

22.6. Statement-এ Subject হিসেবে যদি everybody, everyone, somebody, someone, anybody, anyone, nobody, none থাকে, তাহলে tag করার সময় এদের Pronoun হিসেবে 'They' ব্যবহৃত হয় এবং everything, something, anything, nothing থাকলে Pronoun হিসেবে It ব্যবহৃত হয়। এছাড়া কিছু negative word যেমন— none, nothing, hardly, seldom, scarcely ইত্যাদি Statement– এ ব্যবহৃত হলে Statement-টিকে Negative ধরে Positive tag ব্যবহার করতে হবে। যেমন—

→ Everybody likes flowers, <u>don't they</u>?
→ Something is better than nothing, <u>isn't it</u>?
→ Nothing is impossible, <u>is it</u>?

▶ Fill in the blank with the correct one : It's hardly rained at all this summer, —? — রাজশাহী বিশ্ববিদ্যালয় ইউনিট H (বিজোড়) ২০১৪-১৫

ⓚ has it √ ⓚh is it
ⓖ isn't it ⓖh hasn't it

www.boighar.com

# THE REAL TEST 22

## PSC & Other Exams' Questions

**01. Select the appropriate tag of the following : Let's go out for a walk, ......?**
ⓚ let we ⓛ shall we ⓜ don't we ⓝ let n't we
**Hints :** *Let us অথবা Let's দিয়ে শুরু বাক্যের tag question 'shall we' হয়।*
স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ কোস্ট গার্ড-এর উপ-সহকারী প্রকৌশলী (পূর্ত) ২০২০ উত্তর খ

**02. Tag question of 'All's well that ends well'**
ⓚ doesn't it ⓛ does it ⓜ isn't it ⓝ is it
**Hints :** *যেহেতু sentence-টি affirmative সেহেতু tag question টি negative হবে। Principal clause বা অর্থের প্রাধান্য আছে এমন clause-এর tag question করতে হয়। Option (ক) হবে না, কারণ এটি subordinate clause-এর tag question আর option (ঘ) affirmative tag question বলে সঠিক নয়।*
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর (BBS) থানা পরিসংখ্যানবিদ ২০২০ উত্তর গ

**03. He seems to be happy with his achievement, — ?**
ⓚ wasn't he ⓛ has he ⓜ isn't he ⓝ doesn't he
**Hints :** *Tag question-এর নিয়ম অনুযায়ী, present indefinite tense-এর ক্ষেত্রে subjcet এবং person অনুযায়ী don't/doesn't বসাতে হয়। প্রদত্ত sentence-এ subject 'he' এবং verb-এর সাথে s যুক্ত থাকায় সঠিক উত্তর হবে doesn't he?*
প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের PEDP-4 প্রকল্পের উপজেলা/আরবান প্রোগ্রাম কো-অর্ডিনেটর ২০২০ উত্তর ঘ

**04. Choose the correct tag question of the sentence; Zahara knows how to swim, .........?**
ⓚ don't she ⓛ does she ⓜ doesn't she ⓝ do she
**Hints :** *Tag questions-এর নিয়ম অনুযায়ী main clause হ্যাঁ-বোধক হলে না-বোধক এবং না-বোধক হলে হ্যাঁ-বোধক হয়। Main clause-এ helping verb না থাকলে tag করতে do, does ও did বসাতে হয়। এছাড়া tag question-এর শেষে main clause-এর subject-এর subjective pronoun হয়।*
বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা)-এর সহকারী ব্যবস্থাপক ২০২০ উত্তর গ

**05. I have done my duty, — ? (Fill in the gap)** বইঘর.কম
ⓚ have I ⓛ did I ⓜ haven't I ⓝ didn't I
**Hints :** *Affirmative sentence-এর tag question negative হয়। এক্ষেত্রে Positive statement-এ Aux.Verb (is, are, have ইত্যাদি) থাকলে tag-অংশে isn't, aren't, haven't ইত্যাদি বসে। (ক) তে tag questionটি affirmative, তাই ভুল; (খ) ও (ঘ)তে have ব্যবহার করা হয়নি তাই ভুল।*
বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের অধীন বস্ত্র অধিদপ্তরের জুনিয়র ইন্সট্রাক্টর ২০২০ উত্তর গ

**06. Let us have some tea — ?**
ⓚ will you ⓛ do we ⓜ shan't we ⓝ shall we
**Hints :** *Let us বা Let's যুক্ত বাক্যের tag question হলে shall we বসবে।*
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) ২০১৯ উত্তর ঘ

**07. Choose the correct tag question of : Kamal talks as if he knows everything.**
ⓚ Kamal talks as if he knows everything, is not Kamal?
ⓛ Kamal talks as if he knows everything, is not he?
ⓜ Kamal talks as if he knows everything, doesn't he?
ⓝ Kamal talks as if he knows everything, don't he?
**Hints :** *Present indefinite tense-এর tag question-এর structure হলো doesn't অথবা don't + pronoun-এর subjective form। এখানে subject third person singular number হওয়ায় tag question এ doesn't বসবে।*
বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের বিভিন্ন পদ ২০১৯ উত্তর গ

www.boighar.com

 বইঘর.কম

08. **Choose the correct tag :**
ⓚ Rabi is a good boy, is he? ⓚ Rabi is a good boy, is it?

(ক) Rabi is a good boy, is he? (খ) Rabi is a good boy, is it?
(গ) Rabi is a goo boy, has he? (ঘ) Rabi is a good boy, is not he?
[**Note :** *Affirmative বাক্যের tag question negative হয়। তাই (ক), (খ), (গ) ভুল। (ঘ) সঠিক হতো যদি isn't he অথবা is he not হতো। তাই (ঘ)ও ভুল।]*

বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের প্রশাসনিক কর্মকর্তা ২০১৯
উত্তর *Note*

09. **It isn't very hot today, — ?**
(ক) isn't it (খ) is it not
(গ) isn't (ঘ) is it
**Hints :** *Negative বাক্যের tag question affirmative হয়। সুতরাং শূন্যস্থানে is it বসবে।*

জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের নিরাপত্তা কর্মকর্তা ২০১৯
উত্তর ঘ

10. **She looks very beautiful today, — ?**
(ক) doesn't she (খ) isn't it (গ) is it (ঘ) does she
**Hints :** *Present Indefinite tense-এর affirmative বাক্যের tag question negative হবে। Tag question-এ auxiliary verb প্রদত্ত বাক্যের verb কে follow করে আসবে। সুতরাং সঠিক tag question হলো doesn't she।*

জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের নিরাপত্তা কর্মকর্তা ২০১৯
উত্তর ক

11. **Choose the appropriate question tag :**
**'You like vegetables, — ?**
(ক) do you (খ) don't you (গ) aren't you? (ঘ) isn't it
**Hints :** *Affirmative বাক্যের tag question negative হবে আর tense অনুযায়ী auxiliary verb-এর negative form বসাতে হবে এবং এর পর affirmative বাক্যের sub টি pronoun হলে সেটি বসবে। সুতরাং সঠিক tag question হলো don't you।*

পররাষ্ট্র মন্ত্রণালয়ের সুপারিনটেনডেন্ট ২০১৯
উত্তর খ

12. **She won't dance in the party,—**
(ক) will she? (খ) will not she? (গ) would she? (ঘ) wouldn't she?
**Hints :** *Negative বাক্যের tag question affirmative হয়। Tag question-এর structure : auxiliary verb + sub। সুতরাং শূন্যস্থানের জন্য সঠিক tag question will she?*

বিভিন্ন মন্ত্রণা./বিভাগ/অধি. ব্যক্তিগত কর্মকর্তা (সাধারণ) ২০১৮
উত্তর ক

13. **The fan is not working—**
(ক) isn't it (খ) will it
(গ) is it (ঘ) hasn't it

Boighar.com

বিভিন্ন মন্ত্রণা./বিভাগ/অধি. ব্যক্তিগত কর্মকর্তা (সাধারণ) ২০১৮
উত্তর গ

14. **You knew everything,—**
(ক) did you? (খ) didn't you? (গ) were you? (ঘ) haven't you?
**Hints :** *Past indefinite যুক্ত affirmative বাক্যের tag question-এর structure হলো : didn't + sub + question mark। সুতরাং সঠিক অংশটি didn't you?*

বিভিন্ন মন্ত্রণা./বিভাগ/অধি. ব্যক্তিগত কর্মকর্তা (সাধারণ) ২০১৮
উত্তর খ

15. **He has a cold bath every morning — ?**
(ক) does he (গ) does not he (ঘ) did not (ঘ) won't he
[**Note :** *Affirmative statement এর ক্ষেত্রে tag question টি negative form (সংক্ষিপ্ত) এ হয়। He has a cold bath every morning, doesn't he? অপশনগুলোতে auxiliary verb এর পূর্ণরূপ থাকায় তা সঠিক নয়।]*

স্থানীয় সরকার বিভাগের অধীন জনস্বাস্থ্য প্রকৌ. অধি. এস্টিমেটর ২০১৮
উত্তর *Note*

16. **I am going to be invited too — ?**
(ক) am not I (খ) was not (গ) are not (ঘ) am I
[**Note :** *Tag question এ auxiliary verb এর সংক্ষিপ্ত রূপ হয়। I am going এর tag form হলো aren't I? যা অপশনগুলোতে নেই।]*

স্থানীয় সরকার বিভাগের অধীন জনস্বাস্থ্য প্রকৌ. অধি. এস্টিমেটর ২০১৮
উত্তর *Note*

www.boighar.com

Boighar.com


**17. Choose the correct tag question :**
'I ought to complain, ............?'
ⓚ don't I ⓛ shouldn't I ⓜ won't I ⓝ oughtn't I
**Hints :** *Affirmative statement-এর tag question টি negative হয়।*
বিভিন্ন মন্ত্রণা./বিভাগ/অধি. ব্যক্তিগত কর্মকর্তা ২০১৮ উত্তর ঘ

**18. You'll remember to call me —**
ⓚ will you? ⓛ would you? ⓜ won't you? ⓝ wouldn't you?
**Hints :** *Affirmative statement এর ক্ষেত্রে tag question-টি negative এবং subject এর পূর্বে verb এর auxiliary form বা modal auxiliary হয়। তাই সঠিক উত্তর (গ) won't you?*
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা অধিদপ্তরের পরিসংখ্যান কর্মকর্তা ২০১৭ উত্তর গ

**19. Choose the correct question tag to complete the sentence below : You have bought the book already, — ?**
ⓚ isn't it ⓛ haven't you ⓜ didn't you ⓝ did you
**Hints :** *Positive statement-এর ক্ষেত্রে tag question টি negative হয় এবং auxiliary verb-এর সংক্ষিপ্ত রূপ subject-এর পূর্বে বসে। সুতরাং সঠিক উত্তর (খ)।*
স্বাস্থ্য মন্ত্রণালয়ের সহকারী প্রকৌশলী (সিভিল) ২০১৭ উত্তর খ

**20. Choose the appropriate tag : He can go to university by bus, — ?**
ⓚ won't he ⓛ must he ⓜ can't he ⓝ will he
**Hints :** *Affirmative বাক্যের tag question হবে negative আর modal verb থাকলে তার negative form + sub বসবে। সুতরাং সঠিক tag-can't he?*
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের অধীন বিআরটিএর মোটরযান পরিদর্শক ২০১৭ উত্তর গ

**21. Everybody likes flowers — ?**
ⓚ does he ⓛ doesn't he ⓜ can he ⓝ don't they
**Hints :** *Tag question এর নিয়ম অনুযায়ী বাক্যটি Affirmative থাকলে tag question এ তা negative হয় এবং subject Everybody, Everyone ইত্যাদি থাকলে they বসে।*
জনপ্রশাসন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা ২০১৬ উত্তর ঘ

**22. Choose the appropriate tag of 'Don't make a noise—?**
ⓚ shan't you? ⓛ do you? ⓜ isn't it? ⓝ will you?
**Hints :** *Imperative sentence-এর Tag Question–will you বা won't you হয়। Tag sentence Neg. হলে will you আর affirmative হলে won't you হয়। প্রশ্নে প্রদত্ত বাক্যটি negative। সুতরাং সঠিক tag question, will you?*
সাধারণ পুলের আওতায় বিভিন্ন মন্ত্রণালয়ের সহকারী প্রোগ্রামার, উপসহকারী প্রকৌশলী, প্রশাসনিক কর্মকর্তা ও ব্যক্তিগত কর্মকর্তা ২০১৬ উত্তর ঘ

## Govt. & Private Bank Questions

**01. The question tag of 'Let's go out for a walk' is—**
ⓚ Shall we? ⓛ Shan't we? ⓜ Let we? ⓝ Let not we?
**Hints :** *Let's/Let us দিয়ে শুরু বাক্যের tag question করতে 'shall we' এবং শেষে প্রশ্নবোধক চিহ্ন (?) ব্যবহৃত হয়।*
Janata Bank Ltd. Officer (Cash) 2020 উত্তর ক

**02. Choose the correct tag question :**
ⓚ People can't fly, can they? ⓛ People can fly, can they?
ⓜ People can't fly, cannot they? ⓝ People can't fly, don't they?
**Hints :** *Negative বাক্যের tag question affirmative হবে আর tag question-এর structure হবে negative বাক্যের auxiliary verb + sub-এর subjective pronoun। সুতরাং সঠিক tag question সম্পর্কিত বাক্যটি People can't fly, can they?*
BSC Senior Officer (IT/ICT) 2018 উত্তর ক

**03. He dislikes the word dislike, <u>isn't he</u>?**
ⓚ didn't he ⓛ doesn't he ⓜ hasn't he ⓝ does he
**Hints :** *Affirmative বাক্যের tag question negative হয় এবং প্রদত্ত Affirmative বাক্যের auxiliary verb-এর negative form বসে। সুতরাং isn't he-এর স্থলে doesn't he বসলে বাক্যটি সঠিক হবে।*
Standard Bank Ltd. Trainee Assistant Officer (TAO) 2018 উত্তর খ

www.boighar.com

বইঘর.কম

# University & Medical Questions

**01. Let's go on a picnic, — ?**
ⓚ shall we   ⓚ won't you   ⓖ isn't it   ⓖ did we

ক) shall we   খ) won't you   গ) isn't it   ঘ) did we

*চবি A ইউনিট ২০১৯-২০ উত্তর ক*

**Hints :** *Lets বা let us যুক্ত imperative বাক্যের tag question হয় shall we ।*

**02. The weather is better today, — ?**

ক) hasn't it   খ) isn't it   গ) does it   ঘ) is it

*চবি B ইউনিট ২০১৯-২০ উত্তর খ*

**Hints :** *Affirmative বাক্যের tag question negative হবে আর প্রদত্ত বাক্যের be verb-এর negative form এবং sub-এর pronoun-এর subjective form বসবে। সুতরাং সঠিক expression হলো isn't it ।*

**03. Which one is a correct tag question of 'let's go out?**

ক) Let's go out, do we?
খ) Let's go out, are we?
গ) Let's go out, shall we.
ঘ) Let's go out, shall we?

*খুবি A ইউনিট সেট-ক ২০১৯-২০ উত্তর ঘ*

**Hints :** *Let's বা let us যুক্ত imperative বাক্যের tag question হলো shall we? সুতরাং correct tag question হলো let's go out, shall we?*

**04. Tag question : You and I talked with professor yesterday — ?**

ক) Didn't you?
খ) Didn't I?
গ) Didn't we?
ঘ) Didn't they?

*ইসলামী বিশ্ববিদ্যালয় Unit-B (Set-B) ২০১৯-২০ উত্তর গ*

**Hints :** *You and I-এর সংযুক্ত pronoun হলো we (আমরা) = তুমি আর আমি। সুতরাং সঠিক tag question হলো didn't we?*

**05. When we arrived, they had gone home — ?**

ক) didn't we
খ) hadn't they
গ) did we
ঘ) didn't they

*কুমিল্লা বিশ্ববিদ্যালয় ইউনিট C (বিজনেস স্টাডিজ অনুষদ) ২০১৯-২০ উত্তর খ*

**06. Universities close at 5.p.m. — ?**

ক) do they   খ) don't they   গ) must they   ঘ) isn't they

*জাককানইবি C ইউনিট ২০১৯-২০ উত্তর খ*

**Hints :** *Affirmative বাক্যের tag question negative হয় আর affirmative বাক্যের sub-এর subjective pronoun ব্যবহৃত হয়। বাক্যের tense অনুযায়ী auxiliary verb ও ব্যবহৃত হবে। সুতরাং সঠিক expression হলো don't they ।*

**07. Let's go to the market, — ?**

ক) do we
খ) shall we
গ) doesn't we
ঘ) aren't we

*বশেমুরবিপ্রবি ইউনিট E (সামাজিক বিজ্ঞান) ২০১৯-২০ উত্তর খ*

**08. Shut the windows, — ?**

ক) shall we
খ) will you
গ) do you
ঘ) don't you

*বশেমুরবিপ্রবি ইউনিট G (আইন) ২০১৯-২০ উত্তর খ*

**09. It rained here yesterday, —. The appropriate tag question here will be :**

ক) wasn't it?
খ) didn't it?
গ) did it?
ঘ) isn't it?

*রাবি ইউনিট A (গ্রুপ-১) ২০১৮-১৯ উত্তর খ*

**Hints :** *Affirmative বাক্যের tag question negative হবে। আর past indefinite tense-এর auxiliary verb-এর negative form হলো didn't it ।*

www.boighar.com

Boighar.com

10. **Which one is the proper tag question in 'He always lags behind —.** রাবি ইউনিট E ২০১৮-১৯
ⓚ did not he? ⓚh does not he? ⓖ did he ⓖh would not he? উত্তর Note
**[Note :** *বাক্যটি affirmative এবং present indefinite tense হওয়ায় tag question টিও present indefinite ও negative হবে। তাই (ক), (গ) ও (ঘ) ভুল। (খ)তে does not he না হয়ে doesn't he হলে সঠিক হতো। তাই সঠিক উত্তর নেই।]*

11. **We all long —— happiness, —— we?** চবি ইউনিট A (সকাল) ২০১৮-১৯
(ক) for, aren't (খ) by, don't (গ) for, do (ঘ) for, don't উত্তর ঘ
**Hints :** *Long for অর্থ প্রত্যাশা করা। সুতরাং প্রথম শূন্যস্থানে for বসবে। অন্যদিকে first person যুক্ত affirmative present indefinite tense বাক্যের tag question-এ negative auxiliary don't বসবে। সুতরাং সঠিক option হলো for, don't।*

12. **We won't be late, —** খুবি ইউনিট C ২০১৮-১৯
(ক) won't we? (খ) will we? (গ) are we? (ঘ) should we? উত্তর খ

13. **Kuakata was the place we went for that rainy vacation, —** খুবি ইউনিট C ২০১৮-১৯
(ক) isn't it? (খ) isn't there? (গ) wasn't it? (ঘ) don't it? উত্তর গ

14. **Sonia has an exam tomorrow, —** খুবি ইউনিট C ২০১৮-১৯
(ক) doesn't she? (খ) has she? (গ) don't she? (ঘ) haven't she? উত্তর ক

15. **No one was present in the meeting, —** খুবি ইউনিট C ২০১৮-১৯
(ক) was they? (খ) wasn't they? (গ) wasn't he? (ঘ) were they? উত্তর ঘ

16. **Choose the correct tag : "Let me do the work, —?"** হবি ইউনিট বি (1st shift) ২০১৮-১৯
(ক) Shall we (খ) isn't it (গ) will you (ঘ) shon't it উত্তর গ

17. **I am late, ....** কুবি ইউনিট বি ২০১৮-১৯
(ক) ain't I? (খ) arren't I? (গ) am I .... that (ঘ) don't I? উত্তর ক

18. **My friend has little money left in his pocket, — ?** বশেমুরবিপ্রবি এক ইউনিট ২০১৮-১৯
(ক) hasn't he (খ) has he (গ) does he (ঘ) is he উত্তর খ

19. **Germany has won the football match, — ?** ঢাবি ইউনিট ঘ ২০১৭-১৮
(ক) has it (খ) hasn't it (গ) did it (ঘ) does it উত্তর খ
**Hints :** *Tag question-এর ক্ষেত্রে বাক্য affirmative হলে tag questionটি negative হয়। আর বাক্যে auxiliary verb has থাকাতে has-এর negative form hasn't বসবে। সুতরাং সঠিক উত্তর hasn't it।*

20. **The man did not come again, — ?** জাবি ইউনিট H ২০১৭-১৮
(ক) didn't he (খ) was he (গ) did he (ঘ) was not he উত্তর গ
**Hints :** *Negative statement-এর tag question affirmative অর্থাৎ auxiliary verb + sub হবে। সুতরাং সঠিক উত্তর did he।*

21. **We will go home soon, —. The right tag question is :** রাবি ইউনিট A ২০১৭-১৮
(ক) will we? (খ) wouldn't we? (গ) won't we? (ঘ) isn't it? উত্তর গ

22. **You'd rather I kept quiet about it, — ?** চবি ইউনিট B ২০১৭-১৮
(ক) did you (খ) had you (গ) do you (ঘ) wouldn't you উত্তর ঘ
**Hints :** *Affirmative statement-এর ক্ষেত্রে tag question টি হবে negative auxiliary verb-এর সংক্ষিপ্ত form + subject (সর্বদা pronoun form) + ? You would better talk-এর ক্ষেত্রে tag questionটি হবে wouldn't you?*

www.boighar.com

বইঘর.কম

**23. Put in the suitable tag. I'm late, — ?**

ⓚ Am not I ⓚ Am I ⓚ Aren't I ⓚ Isn't I

(ক) Am not I (খ) Am I (গ) Aren't I (ঘ) Isn't I

**Hints :** *Affirmative statement এর ক্ষেত্রে tag question হয় auxiliary verb এর negetive form (সংক্ষিপ্ত) + Subject (pronoun) + ? I am not এর tag form হলো aren't I ।*

ঢাবি ইউনিট D ২০১৭-১৮
রাবি ইউনিট E ২০১৭-১৮
উত্তর : গ

**24. Choose the correct sentence for the questions :**

(ক) She wants to come, does she? (খ) She wants to come, won't she?
(গ) She wants to come, isn't it? (ঘ) She wants to come, doesn't she?

**Hints :** *Tag Question এর নিয়ম অনুযায়ী affirmative বাক্যের Tag Question Negative হয় ।*

রাবি ইউনিট E (বিজ্ঞান) ২০১৬-১৭
উত্তর : ঘ

**25. They've had two children, —?**

(ক) don't they (খ) hadn't they
(গ) didn't they (ঘ) haven't they

রাবি ইউনিট I ২০১৬-১৭
উত্তর : ঘ

**26. You haven't eaten the entire cake that is made for tonight's party, — ?**

(ক) did you (খ) didn't you (গ) did I (ঘ) haven't you

[Note : *"Question tag" এর ক্ষেত্রে Main clause এর Helping verb (HV) অনুসৃত হবে; এবং H. V negative হলে question tag অংশে সেটি (H.V) পরিবর্তিত হয়ে Affirmative হবে। প্রশ্নে উল্লিখিত বাক্যে H.V হিসেবে 'have' এর Negative form ব্যবহৃত হয়েছে যা পরিবর্তিত হয়ে Affirmative (from 'haven't to 'have') হবে। উক্ত প্রশ্নের সঠিক উত্তর হবে "have you?" যা option গুলোতে নেই ।*]

ঢাবি ইউনিট A (বিজ্ঞান অনুষদ) ২০১৬-১৭
উত্তর : Note

**27. Nobody here likes that kind of music, —?**

(ক) don't they (খ) does it (গ) doesn't it (ঘ) do they
(ঙ) wouldn't they

**Hints :** *Auxiliary verb হিসেবে 'do' এবং Nobody এর 'pronoun' হিসেবে 'they' ব্যবহৃত হবে ।*

চবি ইউনিট সি, ২০১৬-১৭
উত্তর : ঘ

**28. There has not been a great demand for the course, — ?**

(ক) does there (খ) hasn't there
(গ) hasn't it (ঘ) has there

চবি Unit–$D_3$ (ব্যবসায় শিক্ষা) ২০১৬-১৭
উত্তর : ঘ

**29. Let's go home, — ?**

(ক) won't we (খ) shan't we
(গ) shall we (ঘ) don't we

**Hints :** *'Let's যুক্ত বাক্যের 'tag question' এর ক্ষেত্রে 'shall we' ব্যবহৃত হয় ।*

চবি Unit–$D_3$ (ব্যবসায় শিক্ষা) ২০১৬-১৭
উত্তর : গ

**30. He played well yesterday, ———?**

(ক) isn't it (খ) wasn't it
(গ) is it (ঘ) didn't he
(ঙ) hadn't he

**Hints :** *'Main Part' Past Indefinite tense-এর পরবর্তী 'tag question' অংশে auxiliary verb হিসেবে did এবং এর Negative form ব্যবহৃত হবে ।*

চবি ইউনিট H (শিক্ষা অনুষদ) ২০১৫-১৬
উত্তর : ঘ